



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address : Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২ নভেম্বর ২০১৬

বিবৃতি

সংবাদ সম্মেলন থেকে পিসিপি নেতা বিনয়ন ও অনিলকে হেফতারের নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আজ ২ নভেম্বর ২০১৬, বুধবার বিকালে খাগড়াছড়ি জেলা সদরের স্বনির্ভরস্থ ইউপিডিএফ কার্যালয়ে পিসিপি'র আয়োজিত সংবাদ সম্মেলন থেকে সেনাবাহিনী কর্তৃক পিসিপি'র কেন্দ্রীয় সহ:সভাপতি বিনয়ন চাকমা ও সাংগঠনিক সম্পাদক অনিল চাকমাকে আটকের ঘটনায় তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা পার্বত্য চট্টগ্রামে চলমান ধরপাকড় দমন-পীড়নকে ফ্যাসিবাদী শাসনের মূর্তরূপ আখ্যায়িত করে বলেন, হেফতার নির্ধাতন করে প্রতিবাদী জনতার কণ্ঠ রোধ করা যায় না। কোন অত্যাচারি শাসক দমন নীতি অবলম্বন করে বেশি দিন ক্ষমতায় টিকতে পারে নি।'

ইউপিডিএফ নেতা আটককৃত পিসিপি নেতা বিনয়ন চাকমা, অনিল চাকমা ও বিপুল চাকমাকে অবিলম্বে নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছেন। অন্যথায় দমন-পীড়নের বিরুদ্ধে কঠোর আন্দোলনের হুঁশিয়ারিও উচ্চারণ করেছেন।

পিসিপি নেতাদের হেফতারের প্রতিবাদে পিসিপি'র কেন্দ্রীয় ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বিপুল চাকমা, হিল উইমেন্স ফেডারেশনের সভানেত্রী নিরুপা চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের সভাপতি অংগ্য মারমা ও সাধারণ সম্পাদক জিকো ত্রিপুরা পৃথক পৃথক বিবৃতি দিয়ে নিন্দা জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।